রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৪, ২০১৫

[বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**মূল তথ্যাবলী**

*পটভূমি*

দেশের অর্থনৈতিক নীতিমালায় দ্রুত কার্যকর পরিবর্তনের প্রেক্ষাপটে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে "দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) বলে প্রতিষ্ঠিত হয়। দেশের দ্রুত শিল্পায়নে এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিসমূহের মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে আইসিবি উল্লেখযোগ্য ভূমিকা রাখে। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার সাধিত হয়েছে। বর্তমানে কর্পোরেশন "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪" অনুযায়ী পরিচালিত হচ্ছে।

*উদ্দেশ্য*

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান
- পুঁজিবাজার উন্নয়ন
- সঞ্চয় সংগ্রহ
- ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান


**মূল্য ঃ** টাকা ৩০.০০

*ব্যবসায় সংক্রান্ত নীতি*

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা
- কারিগরি, আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান
- এককভাবে অথবা ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইক্যুইটি ও ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ
- দেশে উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
- কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধকরণ ও সম্প্রসারণ

*কার্যাবলী*

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় ও বিক্রয়
- এককভাবে এবং সিন্ডিকেট গঠনের মাধ্যমে লিজ অর্থায়ন
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা
- বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ডসমূহ ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা
- বিদ্যমান ব্যবসাসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং সিকিউরিটিজ ক্রয় বিক্রয়ে অংশগ্রহণ
- আইসিবি ইউনিট, বাংলাদেশ ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট এবং আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান
- ব্যাংক গ্যারান্টি প্রদান
- ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ
- বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসায় উদ্ভাবন
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন
- মার্জার, একুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান
- ইক্যুইটি এন্ড এন্ট্রাপ্রেনরশিপ ফান্ড (ইইএফ) এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা
- হোল্ডিং কোম্পানি হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান
- রাষ্ট্রমালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ

*Capital Structure*

(Tk. in Crore)

| Particulars | ICB | | | Consolidated (ICB & Its Subsidiaries) | | |
|---|---|---|---|---|---|---|
| | As on 30 June | | Increase/Decrease (%) | As on 30 June | | Increase/Decrease (%) |
| | 2014 | 2013 | | 2014 | 2013 | |
| Paid-up Capital | 421.88 | 421.88 | - | 421.88 | 421.88 | - |
| Reserves | 1807.83 | 1382.21 | 30.79 | 2035.09 | 1464.09 | 39.00 |
| Retained Profit | 364.71 | 307.95 | 18.43 | 625.95 | 677.92 | (7.66) |
| Long-term Govt. Loan | 58.78 | 2.45 | 2299.18 | 143.26 | 2.45 | 5747.34 |
| Debentures | - | - | - | - | - | - |
| **Total** | **2653.20** | **2114.19** | **25.49** | **3226.18** | **2566.34** | **25.71** |

*মূলধন*

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১,০০০.০০ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ তারিখে সমাপ্ত হিসাব অনুযায়ী আইসিবিতে পরিশোধিত মূলধনের পরিমাণ ৪২১.৮৮ কোটি টাকা, যা প্রতিটি ১০০.০০ টাকা মূল্যমানের ৪.২১ কোটি টাকা সাধারণ শেয়ারে বিভক্ত। আইসিবির শেয়ার বাংলাদেশ সরকার ২৭%, উন্নয়ন অর্থলগ্নি প্রতিষ্ঠান ২৫.৬৩%, রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক ২২.৭৩%, বীমা কর্পোরেশনসমূহ ১২.৩৫%, পুঁজি প্রত্যাহৃত ব্যক্তিমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ৯.০৮%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও মিউচুয়্যাল ফান্ড ০.৯৭%, জনসাধারণ ১.৯৬% এবং অন্যান্য প্রতিষ্ঠান ০.২৮% ধারণ করছে।

*Shareholding position as on 30 June 2014*

| Sl. No. | Shareholders | No. of shareholders | No. of shares | Percentage of shareholding |
|---|---|---|---|---|
| 1. | Government of the People's Republic of Bangladesh | 1 | 11390625 | 27.00 |
| 2. | Development financial institution | 1 | 10813074 | 25.63 |
| 3. | State owned commercial banks | 4 | 9587947 | 22.73 |
| 4. | State owned Insurance corporation | 2 | 5212524 | 12.35 |
| 5. | Denationalised private commercial banks | 2 | 3832836 | 9.08 |
| 6. | Private commercial banks | 7 | 28043 | 0.07 |
| 7. | Mutual Fund | 13 | 378429 | 0.90 |
| 8. | Other institutions | 170 | 118668 | 0.28 |
| 9. | General public | 3103 | 825354 | 1.96 |
| | **Total** | **3303** | **42187500** | **100.00** |

**পরিচালন কার্যক্রম**

*পোর্টফোলিও ব্যবস্থাপনা*

পোর্টফোলিও ব্যবস্থাপনা আইসিবির মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের একটি মৌলিক কাজ। পুঁজিবাজার এবং শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা করে আইসিবি নিজস্ব পোর্টফোলিও ব্যবস্থাপনা পরিচালনা করছে। এ খাতের মুখ্য প্রতিষ্ঠান হিসেবে শুরু থেকে আইসিবি অগ্রগামী এবং মার্কেট মেকারের ভূমিকা পালন করে যাচ্ছে। পোর্টফোলিও ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বিনিয়োগ কৌশল অনুযায়ী পোর্টফোলিও ব্যবস্থাপনা পরিচালিত হয় যা প্রতিষ্ঠানটির মূল আয়ের প্রবৃদ্ধি বিস্তৃত করেছে। ২০১৩-১৪ অর্থবছরে আইসিবির বিনিয়োগ পোর্টাফোলিওতে প্রি-আইপিও প্লেসমেন্টের মাধ্যমে ৪টি কোম্পানির ১০৮.১২ কোটি টাকার শেয়ার, ৪টি কোম্পানির ৪.২৫ কোটি টাকার রাইট শেয়ার, ৪টি কোম্পানির ৬০.২০ কোটি টাকার ডিবেঞ্চার, ১টি কোম্পানির ১০০.০০ কোটি টাকার বন্ড, ২টি কোম্পানির ৫৫.০০ কোটি টাকার প্রেফারেন্স শেয়ার, ৩টি কোম্পানিতে ইক্যুইটির বিপরীতে অগ্রিম হিসেবে ৭০.০০ কোটি টাকা এবং ১টি কোম্পানির ইক্যুইটিতে ২৫.০০ কোটি টাকাসহ সর্বমোট ১৯৮৮.০৯ কোটি টাকা বিনিয়োগ করা হয়। যেখানে ২০১২-১৩ অর্থবছরে আইসিবির বিনিয়োগ পোর্টফোলিওতে প্রি-আইপিও প্লেসমেন্টের মাধ্যমে ৪টি কোম্পানির ৮০.৩২ কোটি টাকার শেয়ার, ৬টি কোম্পানির ০.৬৬ কোটি টাকার রাইট শেয়ার এবং ২টি কোম্পানির ৫.০০ কোটি টাকার ডিবেঞ্চারসহ সর্বমোট ১৯৪৪.৭৫ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছিল। উল্লেখ্য, ৩০ জুন ২০১৪ তারিখে আইসিবির বিনিয়োগ পোর্টফোলিওর মার্কেটেবল সিকিউরিটিজের ক্রয়মূল্য ৪৪৮৫.৫৪ কোটি টাকার বিপরীতে বাজারমূল্য ছিল ৫০৯২.৫৩ কোটি টাকা অর্থাৎ ক্রয়মূল্যের তুলনায় বাজারমূল্য ৬০৬.৯৯ কোটি টাকা বেশি।

*মার্চেন্ডাইজিং কার্যক্রম*

আইসিবির মৌলিক কার্যক্রমের মধ্যে মার্চেন্ডাইজিং অন্যতম। মার্চেন্ডাইজিং কার্যক্রমের অন্তর্ভুক্ত মিউচ্যুয়াল ফান্ড, ইউনিট ফান্ড এবং বিও/বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনার মাধ্যমে আইসিবি আলোচ্য অর্থবছরেও পুঁজিবাজারে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর আওতায় গঠিত আইসিবির দু'টি সাবসিডিয়ারি কোম্পানি: আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং এবং মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য ১ জুলাই ২০০২ তারিখ হতে স্ব স্ব ব্যবসা শুরু করে। সিএমডিপি এর আওতায় আইসিবি মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার নতুন কার্যক্রম বন্ধ রেখেছে। তবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কার্যক্রম শুরু করার পূর্বের ইনভেস্টরস্ স্কীম, ইউনিট ফান্ড এবং মিউচ্যুয়াল ফান্ডসমূহের পরিচালন কার্যক্রম আইসিবির ব্যবস্থাধীনে অব্যাহত রয়েছে।

*মিউচ্যুয়াল ফান্ড*

আইসিবি বাংলাদেশে মিউচ্যুয়াল ফান্ড ইন্ডাস্ট্রি প্রবর্তনে পথিকৃৎ এর ভূমিকা পালন করে। ২৫ এপ্রিল ১৯৮০ তারিখে দেশের প্রথম মিউচ্যুয়াল ফান্ড "প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড" বাজারজাত করা হয়। এর পর থেকে বছর পরিক্রমায় ১৯৯৬ সাল পর্যন্ত আইসিবি সর্বমোট ১৭.৭৫ কোটি টাকা মূলধন সম্বলিত ৮টি মিউচ্যুয়াল ফান্ড বাজারজাত করে। সন্তোষজনক লভ্যাংশ প্রদান এবং শক্তিশালী ও বিচক্ষণ পোর্টফোলিও ব্যবস্থাপনার ফলে আইসিবি মিউচ্যুয়াল ফান্ডসমূহ বিনিয়োগকারীদের নিকট অপেক্ষাকৃত নিরাপদ বিনিয়োগ মাধ্যম হিসেবে সমাদৃত হয়েছে।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ২০১৩-১৪ অর্থবছরে আটটি মিউচ্যুয়াল ফান্ডে রেকর্ড পরিমাণ লভ্যাংশ ঘোষণা করেছে। প্রথম আইসিবি মিউচ্যুয়াল ফান্ডে সর্বোচ্চ ৮০০.০ শতাংশ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

আইসিবি বিগত বছরসমূহের ন্যায় অন্যান্য মিউচ্যুয়াল ফান্ডসমূহেও আকর্ষণীয় হারে লভ্যাংশ ঘোষণা করেছে। ৪০০.০ শতাংশ দ্বিতীয়, ২৫০.০ শতাংশ তৃতীয়, ২৫০.০ শতাংশ চতুর্থ, ২২৫.০ শতাংশ পঞ্চম, ১১০.০ শতাংশ ষষ্ঠ, ১৩০.০ শতাংশ সপ্তম এবং ১২০.০ শতাংশ লভ্যাংশ অষ্টম মিউচ্যুয়াল ফান্ডে ঘোষণা করা হয়েছে। বিগত অর্থবছরে ঘোষিত লভ্যাংশের হার ছিল ৭০০.০ শতাংশ প্রথম, ৩৭৫.০ শতাংশ দ্বিতীয়, ২৪০.০ শতাংশ তৃতীয়, ২৪০.০ শতাংশ চতুর্থ, ২০০.০ শতাংশ পঞ্চম, ১০৫.০ শতাংশ ষষ্ঠ, ১২০.০ শতাংশ সপ্তম এবং ১১০.০ শতাংশ অষ্টম আইসিবি মিউচ্যুয়াল ফান্ডে। মিউচ্যুয়াল ফান্ডসমূহের বাজারমূল্যে ফান্ডসমূহের সুদৃঢ় অবস্থান প্রতিফলিত হয়। উভয় স্টক এক্সচেঞ্জে মিউচ্যুয়াল ফান্ডসমূহ অভিহিত মূল্যের চেয়ে উল্লেখযোগ্য বেশি দরে লেনদেন হয়।

পুঁজিবাজারের প্রবৃদ্ধির কথা বিবেচনায় রেখে বিনিয়োগকারীদের স্বার্থে সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ রিটার্ন ও সর্বনিম্ন ঝুঁকি নিশ্চিত করার জন্য মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিও প্রজ্ঞা ও দক্ষতার সাথে পরিচালনা করা হয়।

*ইউনিট ফান্ড*

আইসিবি ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) ১০ এপ্রিল ১৯৮১ তারিখে বাজারজাত শুরু করে। ১ জুলাই ২০০২ থেকে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম শুরুর প্রেক্ষিতে আইসিবি ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ পরিকল্পনার (সিআইপি) আওতায় সার্টিফিকেট ইস্যু ব্যতীত ইউনিট সার্টিফিকেট বিক্রয় বন্ধ রেখেছে। তবে বিদ্যমান ইউনিট ফান্ড আইসিবির ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

২০১৩-১৪ অর্থবছরে ১৬.০১ কোটি টাকার ৭৯৭৭৮১টি ইউনিট পুনঃক্রয় করা হয় এবং সিআইপি এর আওতায় নগদ লভ্যাংশ প্রদানের পরিবর্তে ১০১.৫৭ কোটি টাকার ৫৬৪২৯৪৫টি ইউনিট ইস্যু করা হয়েছে। ৩০ জুন ২০১৪ তারিখে ক্রমপুঞ্জিভূত নীট ৭২৬.৩৫ কোটি টাকার ৫৫০৮৮০২৯টি ইউনিট ইস্যুকৃত রয়েছে। ৩০ জুন ২০১৪ তারিখে ইউনিট সার্টিফিকেটধারীর সংখ্যা ছিল ২৯৯২৮ জন যাদের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীর সংখ্যা বেশি।

২০১৩-১৪ অর্থবছরে আইসিবি ইউনিট ফান্ডের পত্রকোষে ২৮১.০২ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। ৩০ জুন ২০১৪ তারিখে ইউনিট ফান্ডের পত্রকোষে নীট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১৬৬৭.৫৫ কোটি টাকা যার বাজারমূল্য ৩৭৫১.৭৯ কোটি টাকা।

২০১৩-১৪ অর্থবছরে লভ্যাংশ ও ডিবেঞ্চারের উপর সুদ আয়, মূলধনী মুনাফা, ব্যাংক আমানতের উপর সুদ, প্রিমিয়াম আয় ইত্যাদি খাত হতে ফান্ডের মোট ৩৮৮.৪৭ কোটি টাকা আয় হয়েছে। এ আয় হতে ব্যবস্থাপনা ফি, কমিশন, মুদ্রণ ও স্টেশনারী, ডাক ও তার, বিনিয়োগ সঞ্চিতি ইত্যাদি খাতে ৮৩.৮৭ কোটি টাকা ব্যয় বাদ দেয়ার পর ফান্ডের নীট আয়ের পরিমাণ দাঁড়ায় ৩০৪.৬০ কোটি টাকা। পূর্ববর্তী বছরের অবন্টিত মুনাফা ২৯৩.৪৬ কোটি টাকা যোগ কারার পর এ ফান্ডের নীট বন্টনযোগ্য মুনাফার পরিমাণ দাঁয় ৫৯৮.০৫ কোটি টাকা। ফলে ৩০ জুন ২০১৪ তারিখে ইউনিট প্রতি ১০৪.৭৬ টাকা বন্টনযোগ্য মুনাফা অর্জিত হয়।

২০১৩-১৪ অর্থবছরে এ ফান্ড ইউনিট প্রতি ৪০.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করেছে যা ২০১২-১৩ অর্থবছরে ঘোষিত লভ্যাংশ ৩৬.৫০ টাকার তুলনায় ৯.৫৯ শতাংশ বেশি। সার্টিফিকেট প্রতি বন্টনযোগ্য অবশিষ্ট ৬৫.০০ টাকা অবন্টিত আয় হিসেবে রাখা হয়েছে।

*ইনভেস্টরস্ স্কীম*

ইক্যুইটি বিনিয়োগের ভিত্তি সম্প্রসারণের লক্ষ্যে বিনিয়োগকারীগণের সঞ্চয় সিকিউরিটিজ বাজারে বিনিয়োগের মাধ্যমে ১৯৭৭ সালে আইসিবি ইনভেস্টরস্ স্কীম চালু করা হয়। আইসিবির প্রধান কার্যালয় ছাড়াও ঢাকার স্থানীয় কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এবং বগুড়ায় অবস্থিত ৭টি শাখা অফিসে বিনিয়োগ হিসাব পরিচালিত হচ্ছে। নীতিগত সংস্কারের কৌশলগত কারণে গঠিত আইসিবির সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে বিনিয়োগ হিসাব খোলা ও পরিচালন কার্যক্রম শুরু করায় আইসিবি নতুন বিনিয়োগ হিসাব খোলা বন্ধ রেখেছে। তবে আইসিবি তার বিদ্যমান বিনিয়োগ হিসাবসমূহ পরিচালনা অব্যাহত রেখেছে। ৩০ জুন ২০১৪ তারিখে এই স্কীমের অধীন হিসাবের সংখ্যা ৭৭২০৭।

আইসিবির ইনভেস্টরস্ স্কীমের আওতায় পরিচালিত বিনিয়োগ হিসাবসমূহে প্রাইমারি মার্কেট ও সেকেন্ডারি মার্কেট হতে সিকিউরিটিজ ক্রয়ের ক্ষেত্রে বিএসইসি এর বিধি অনুযায়ী মার্জিন ঋণ প্রদান করা হয়। শক্তিশালী মৌলভিত্তিসম্পন্ন এবং সম্ভাবনাময় সিকিউরিটিজ ক্রয়ের জন্য আইসিবি মার্জিন ঋন প্রদান করে থাকে। ফলে বিনিয়োগ হিসাবধারীদের বিনিয়োগ ঝুঁকি হ্রাস পায় এবং মার্জিন ঋণের মাধ্যমে বিনিয়োগে নিরাপত্তা নিশ্চিত হয়। এর ফলে আকর্ষণীয় মুনাফাও অর্জিত হয়। এছাড়া, পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা করার প্রদান এবং চাহিদা সৃষ্টির মাধ্যমে পুঁজিবাজারকে শক্তিশালী করার লক্ষ্যে সরকার কর্তৃক একটি বিশেষ তহবিল "পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" নামে ৯০০.০০ কোটি টাকার একটি পৃথক তহবিল গঠন করা হয়েছে। আলোচ্য তহবিলের ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবি-কে প্রদান করা হয়েছে। সরকার কর্তৃক অনুমোদিত নীতিমালার ভিত্তিতে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের সহায়তা করার লক্ষ্যে আইসিবি মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকারদের মধ্যে ঋণ প্রদান করে থাকে।

দ্রুত এবং উন্নত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে "মার্চেন্ডাইজিং অপারেশন ম্যানেজমেন্ট" সফট্ওয়্যার স্থাপন করা হয়েছে। ফলে বিনিয়োগকারীগণকে বিভিন্ন ধরনের হিসাব বিবরণী প্রদানসহ সার্বিক সেবাদান কার্যক্রমে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। বিনিয়োগকারীগণ আইসিবির ওয়েবসাইট এর মাধ্যমে আইপিও, রাইটস্ শেয়ার ইস্যু এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে পারেন।

*সিকিউরিটিজ লেনদেন*

ইনভেস্টরস্ স্কীমের অধীনে ২০১৩-১৪ অর্থবছরে সিকিউরিটিজের লেনদেন গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে এ স্কীমের অধীনে ৫০০.৬৭ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছে। উক্ত লেনদেনের মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ছিল ৪৮১.২৯ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে বিনিয়োগের পরিমাণ ছিল ১৯.৩৮ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে ইনভেস্টরস্ স্কীমের অধীনে ৩৩৫.৭০ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছিল যার মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ছিল ৩১৮.৩০ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে বিনিয়োগের পরিমাণ ছিল ১৭.৪০ কোটি টাকা।

*আর্থিক সহায়তা*

শিল্পায়নের গতিকে ত্বরান্বিত করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এবং দেশের সিকিউরিটিজ বাজারের সক্রিয়তা বাজায় রাখার লক্ষ্যে আইসিবি বিভিন্ন কোম্পানিতে আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। এ লক্ষ্যে আইসিবি বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছে। পুঁজিবাজারকে সমৃদ্ধশীল করা এবং সম্ভাবনাময় শিল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আইসিবি এর সূচনা লগ্ন হতে ১৯৯৭ সাল পর্যন্ত সেতু ঋণ প্রদান করেছে। আইসিবিতে অবলেখন কার্যক্রম ২০০২ সালে সাবসিডিয়ারি কোম্পানি গঠনের পূর্ব পর্যন্ত পরিচালিত হয়েছে। বর্তমানে সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। পুঁজিবাজারের উন্নয়ন এবং শিল্পায়নের ক্ষেত্রে আইসিবির বর্তমান আর্থিক এবং অন্যান্য সহায়তা কার্যক্রমের মধ্যে রয়েছে প্রি-আইপিও প্লেসমেন্ট, প্রেফারেন্স শেয়ার ক্রয়, ডিবেঞ্চার ক্রয়, বন্ডে বিনিয়োগ, ইক্যুইটিতে সরাসরি অংশগ্রহণ, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, লিজ ফিন্যান্সিং এবং ব্যাংক গ্যারান্টি ইত্যাদি।

*আবেদন বিবেচনা*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবি ২৯৭৯.১৩ কোটি টাকার আর্থিক সহায়তার জন্য ৪৩টি আবেদনপত্র গ্রহণ করে। ২০১২-১৩ অর্থবছরের শেষে মোট বিবেচনাধীন আবেদনের সংখ্যা ছিল ৩৬টি। ফলে আইসিবির নিকট ২০১৩-১৪ অর্থবছরে প্রক্রিয়াধীন মোট আবেদনের সংখ্যা দাঁড়ায় ৭৯টি। উক্ত আবেদনসমূহের মধ্যে ১৯টি আবেদন মঞ্জুর করা হয়, কোন আবেদন বাতিল করা হয়নি এবং অবশিষ্ট ৬০টি আবেদন বিবেচনাধীন থাকে।

*অঙ্গীকার*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবি সর্বমোট ১৯টি প্রকল্পে ৪২৫.৫২ কোটি টাকার আর্থিক সহায়তা প্রদানের অঙ্গিকার করে । ২০১২-১৩ অর্থবছরে ১৩টি প্রকল্পে ১৯৪.৭৮ কোটি টাকার আর্থিক সহায়তা প্রদানের অঙ্গিকার করা হয়েছিল। এছাড়াও, ২০১৩-১৪ অর্থবছরে আইসিবি ৫০.০০ কোটি টাকার ১টি ব্যাংক গ্যারান্টি অঙ্গীকার করে।

*বিতরণ*

৩০৮টি প্রকল্পে আইসিবি মোট ক্রমপুঞ্জিত প্রকল্প ঋণ বিতরণের পরিমাণ ১১৪.৫২ কোটি টাকা। আইসিবি ১৯৯৭ সাল থেকে সেতু ঋণ কার্যক্রম বন্ধ রেখেছে। আইসিবি ২০১৩-১৪ অর্থবছরে ৬টি প্রকল্পের অনুকূলে মোট ১০২.০০ কোটি টাকা বিতরণ করে।

*প্রজেক্ট লোন পোর্টফোলিও*

প্রতিবেদনাধীন অর্থবছরের শুরুতে আইসিবির লোন পোর্টফোলিও এর অন্তর্ভুক্ত ৮০ টি কোম্পানির ঋণ ও সুদের বকেয়ার পরিমাণ ছিল ৩৯২.৯৭ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে ৫টি কোম্পানি আইসিবির সম্পূর্ণ দায়দেনা পরিশোধ করে ঋণ হিসাব অবসায়ন করেছে। ফলে ৩০ জুন ২০১৪ তারিখে অবশিষ্ট ৭৫ টি কোম্পানির মোট দায়দেনার পরিমাণ দাঁড়িয়েছে ৩৫৯.৮৭ কোটি টাকা, যার মধ্যে আসল ২৪.২৪ কোটি টাকা এবং অবশিষ্ট ৩৩৫.৬৩ কোটি টাকা সুদ। প্রকল্প ঋণের বিপরীতে ৩০ জুন ২০১৪ তারিখে অনিশ্চিত সুদ হিসাবে ১.৭৫ কোটি টাকা এবং কু-ঋণ সঞ্চিতি হিসাবে ০.৭৭ কোটি টাকার প্রভিশন রয়েছে।

এছাড়া, বাংলাদেশ ব্যাংকের জারিকৃত বিআরডিপি সার্কুলার নং-০২ তারিখ ১৩ জানুয়ারি ২০০৩ এ বর্ণিত নীতিমালা অনুসারে ১০১টি কোম্পানির নিকট পাওনা মোট ৪৬৩.৮৩ কোটি টাকা অবলোপন করা হয়েছে। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত ১০১টি কোম্পানির মধ্যে ২৬টি কোম্পানি আইসিবির সাথে তাদের সমুদয় ঋণ হিসাব অবসায়ন করেছে। অন্যদিকে অবলোপনকৃত ৪৬৩.৮৩ কোটি টাকার মধ্যে আলোচ্য অর্থবছরের ৩.৮৬ কোটি টাকাসহ, ৩০ জুন ২০১৪ পর্যন্ত ২৮.০৮ কোটি টাকা আদায় হয়েছে এবং ৭৮.৫০ কোটি টাকা মওকুফ করা হয়েছে। ফলে আলোচ্য সার্কুলারের আলোকে অবলোপনকৃত ঋণের নীট স্থিতি দাঁড়িয়েছে ৩৫৭.২৫ কোটি টাকা।

*ট্রাস্টি এবং কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবি ১০০.০০ কোটি টাকা মূলধন বিশিষ্ট ১টি মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড, ৩০.০০ কোটি টাকা মূলধন বিশিষ্ট ২টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড-এর ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালনের অঙ্গীকার করেছে। এছাড়াও, আলোচ্য অর্থবছরে ৩০০.০০ কোটি টাকার ২টি স্বল্প-মেয়াদি বন্ড ইস্যুর ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালনের অঙ্গীকার করেছে।

৩০ জুন ২০১৪ পর্যন্ত আইসিবি মোট ২৫২৫.৭৫ কোটি টাকা মূলধন বিশিষ্ট ২৬টি মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এবং ৩০.০০ কোটি টাকা মূলধন বিশিষ্ট ২টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এর ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন করে। এছাড়াও, ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত আইসিবি ১৭ টি কোম্পানির ১৮৪.১৫ কোটি টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি, ১৪টি কোম্পানির ২০৪৯.৩৬ কোটি টাকার ১৭টি বন্ড ইস্যুর ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করে।

*অন্যান্য পরিচালনা কার্যক্রম*

আইসিবির অন্যান্য পরিচালনা কার্যক্রমের মধ্যে রয়েছে আইসিবি ইউনিট/মিউচ্যুয়াল ফান্ড/বাংলাদেশ ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান। এছাড়াও বাংলাদেশ ব্যাংকের সাব-এজেন্ট হিসেবে আইসিবি ইক্যুটি অ্যান্ড এন্ট্রাপ্রেনরশিপ (ইইএফ) ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করে।

*ইউনিট ফান্ড, মিউচ্যুয়াল ফান্ড ও বাংলাদেশ ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম স্কীম*

আইসিবি ইউনিট/মিউচ্যুয়াল ফান্ডসমূহ, আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড এবং বাংলাদেশ ফান্ড সার্টিফিকেটের বিপরীতে এ স্কীমের অধীনে অগ্রিম প্রদান করা হয়। ২০১৩-১৪ অর্থবছরে এ স্কীমের অধীনে ১০.২৪ কোটি টাকা অগ্রিম প্রদান করা হয়েছে যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১১.১৫ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৮৭.৩২ কোটি টাকা এবং উক্ত তারিখে প্রদত্ত অগ্রিমের নীট স্থিতি দাঁড়িয়েছে ১৮.৭৮ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ পর্যন্ত প্রদত্ত অগ্রিমের ৬৯.৩৭ কোটি টাকা আদায় হয়েছে।

*ব্যাংকার টু দ্য ইস্যু*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবি ১৫টি কোম্পানির পাবলিক ইস্যুর ৮৭৭.৮৬ কোটি টাকা চাঁদা সংগ্রহ করে। ২০১২-১৩ অর্থবছরে আইসিবি ১৩টি কোম্পানির পাবলিক ইস্যুর ৫৭০.১১ কোটি টাকা চাঁদা সংগ্রহ করে। ২০১৩-১৪ অর্থবছরে আইসিবি কর্তৃক সংগৃহীত চাঁদা সর্বমোট সংগৃহীত চাঁদার ১০.৭৮ শতাংশ যা পূর্ববর্তী বছরে ছিল ৮.৫২ শতাংশ।

*কনজ্যুমার ক্রেডিট স্কীম*

৩০ জুন ২০১৪ তারিখে আলোচ্য খাতের ঋণ স্থিতির পরিমাণ ০.৪৮ কোটি টাকা। আদায় ত্বরান্বিত করার জন্য এই খাতে ঋণ প্রদান আপাতত বন্ধ রয়েছে।

*ইক্যুইটি অ্যান্ড এনট্রাপ্রেনরশিপ ফান্ড (ইইএফ)*

সম্ভাবনাময় কৃষিভিত্তিক ও তথ্য প্রযুক্তি শিল্পে সহায়তাকরণের উদ্দেশ্যে বাংলাদেশ সরকার ২০০০-০১ অর্থবছরের বাজেটে ইক্যুইটি ডেভেলপমেন্ট ফান্ড (ইডিএফ) গঠন করে। প্রারম্ভিক পর্যায়ে বাংলাদেশ ব্যাংকের উপর ফান্ডটির ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ করা হলেও পরবর্তীতে ১ জুন ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক ও আইসিবির মধ্যে একটি সাব-এজেন্সি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে উক্ত ফান্ডের সমুদয় খাতের ব্যবস্থাপনা ইক্যুইটি অ্যান্ড এনট্রাপ্রেনরশিপ ফান্ড (ইইএফ) নামে আইসিবির উপর অর্পিত হয়। দেশের প্রত্যন্ত অঞ্চলের মূলধন এবং ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে আইসিবি বাংলাদেশ ব্যাংক এর সাথে এ ফান্ডের ব্যবস্থাপনা উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। আলোচ্য ফান্ড ইইএফ (এগ্রো) এবং ইইএফ (আইটি) এ দুটি সেক্টরে বিভক্ত করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

*মঞ্জুরী*

আইসিবি ২০১৩-১৪ অর্থবছরে কৃষি খাতে ২৩৬টি এবং আইসিটি খাতে ১৯টিসহ সর্বমোট ২৫৫টি প্রকল্পে ৪১৬.০৪ কোটি টাকা মঞ্জুর করেছে যা গত অর্থবছরে সর্বমোট ২০৩টি প্রকল্পে ছিল ৩১৩.৬৫ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক ও আইসিবি সম্মিলিতভাবে কৃষি খাতে ১৪৪৩টি এবং আইসিটি খাতে ১০০টিসহ সর্বমোট ১৫৪৩টি প্রকল্পে ২৭৯৯.৩০ কোটি টাকা মঞ্জুর করেছে যার মধ্যে বাংলাদেশ ব্যাংক ৬২৮.৪৪ কোটি টাকা এবং আইসিবি ২১৭০.৮৬ কোটি টাকা মঞ্জুর করেছে।

*বিতরণ*

আইসিবি ২০১৩-১৪ অর্থবছরে কৃষি খাতে ১২১টি এবং আইসিটি খাতে ১৬টিসহ সর্বমোট ১৩৭টি প্রকল্পে ১৬৭.২৬ কোটি টাকা বিতরণ করেছে। যা গত অর্থবছরে সর্বমোট ৭৩টি প্রকল্পে ছিল ১১৫.৭৬ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক ও আইসিবি সম্মিলিতভাবে কৃষি খাতে ৫৭৪টি এবং আইসিটি খাতে ৬৯টিসহ সর্বমোট ৬৪৩টি প্রকল্পে ১০১৯.৯১ কোটি টাকা বিতরণ করেছে যার মধ্যে বাংলাদেশ ব্যাংক ৫২৭.৭৪ কোটি টাকা এবং আইসিবি ৪৯২.১৭ কোটি টাকা বিতরণ করেছে।

*আদায়*

আইসিবি ২০১৩-১৪ অর্থবছরে কৃষি খাতে ৩০টি এবং আইসিটি খাতে ৪টিসহ সর্বমোট ৩৪টি প্রকল্প হতে ৩২.৯১ কোটি টাকা আদায় করেছে। যা গত অর্থবছরে সর্বমোট ৩৩টি প্রকল্পে ছিল ২৫.৫৪ কোটি টাকা। ৩০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক ও আইসিবি সম্মিলিতভাবে কৃষি খাতে ৭২টি এবং আইসিটি খাতে ১৩টিসহ সর্বমোট ৮৫টি প্রকল্প হতে ১৪৭.৯৮ কোটি টাকা আদায় করেছে যার মধ্যে বাংলাদেশ ব্যাংক ৩৭.০৯ কোটি টাকা এবং আইসিবি ১১০.৮৯ কোটি টাকা আদায় করেছে। এ স্কীমের অধীনে প্রায় ৩৬,৬৫১ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

## আদায় ও পুনর্বাসন কার্যক্রম

অন্যান্য বছরের ন্যায় আলোচ্য অর্থবছরেও আইসিবি অর্থায়িত বিভিন্ন প্রকল্প হতে মেয়াদোত্তীর্ণ বকেয়া আদায়ের ক্ষেত্রে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা হয়। প্রকল্প ঋণ আদায়ের পাশাপাশি বিনিয়োগকৃত সিকিউরিটিজের উপর প্রাপ্য অনাদায় লভাংশ/সুদ এবং বিভিন্ন খাতে পাওনা ফি এবং কমিশন আদায়ের উপরও অধিকতর গুরুত্ব আরোপ করা হয়। ঋণ আদায় কার্যক্রম অধিকতর জোরদার করার জন্য কর্পোরেশনের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত টাস্কফোর্স প্রয়োজনীয় নীতিমালা অনুযায়ী ঋণ আদায়ের অগ্রগতি তদারকি করে। এছাড়াও মেয়াদোত্তীর্ণ বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাগণ কোম্পানি/উদ্যোক্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে এবং আদায় কার্যক্রম সফল করার জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখে।

### *লভ্যাংশ, ডিবেঞ্চারের সুদ এবং অন্যান্য আদায়*

আলোচ্য অর্থবছরে আইসিবির বিভিন্ন স্কীমে সর্বমোট ৭৮২.৯৬ কোটি টাকা আদায় হয়েছে যা গত অর্থবছরের ৫০৮.২০ কোটি টাকার তুলনায় ৫৪.০৭ শতাংশ বেশী। বিগত কয়েক বছরে কর্পোরেশনের সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলে বকেয়া পাওনার স্থিতি অনেকাংশে হ্রাস পেয়েছে।

### *সেতু ঋণ আদায়*

গত অর্থবছরের ১.৩৩ কোটি টাকা সেতু ঋণ আদায়ের তুলনায় ২০১৩-১৪ অর্থবছরে ৪.৪৭ কোটি টাকা আদায় হয়েছে।

### *প্রকল্প পুনর্বাসন*

২০১৩-১৪ অর্থবছরে সরকারি নীতিমালার আলোকে নিষ্ক্রিয়/রুগ্ন প্রকল্প পুনর্বাসনে আইসিবি বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। আলোচ্য অর্থবছরে প্রকল্প পুনর্বাসন ও সুদ মওকুফ সুবিধার আওতায় ৭টি কোম্পানি সমুদয় দায়দেনা পরিশোধ করেছে। আলোচ্য কর্মসূচির আওতায় ২০১২-১৩ অর্থবছরে ৬টি কোম্পানি আইসিবির সমুদয় পাওনা পরিশোধ করেছিল।

### *আইনগত ব্যবস্থা*

যে সকল খেলাপী ঋণগ্রহীতা বারংবার তাগাদা দেওয়া সত্বেও ঋণ পরিশোধ করেননি আইসিবি তাদের বিরুদ্ধে "অর্থঋণ আদালত আইন ২০০৩" (৩০ মার্চ ২০০৪ পর্যন্ত সংশোধিত) এর আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করে। অর্থঋণ আদালত আইন ২০০৩ এর আওতায় দায়েরকৃত মামলাসমূহের মধ্য হতে এ পর্যন্ত দায়দেনা পরিশোধের প্রেক্ষিতে ৭৭টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং ইতঃপূর্বে দায়েরকৃত ৬টি মামলা কোম্পানি কর্তৃক দেনা পরিশোধের ভিত্তিতে প্রত্যাহার করা হয়েছে।

## সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম

আইসিবির পুনর্গঠন কার্যক্রমের অংশ হিসেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ-এ প্রদত্ত ক্ষমতাবলে তিনটি সাবসিডিয়ারি কোম্পানি যথা ঃ (ক) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড; (খ) আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড; এবং (গ) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং, মিউচ্যুয়াল ফান্ড

ব্যবস্থাপনা এবং স্টক ব্রোকারেজ কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে আলোচ্য সাবসিডিয়ারি কোম্পানিসমূহের মধ্যে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে স্ব স্ব কার্যক্রম শুরু করে। সাবসিডিয়ারি কোম্পানিসমূহ তাদের স্ব স্ব মেমোরেন্ডাম ও আর্টিকেলস্ অব এসোসিয়েশন, কোম্পানি আইন, ১৯৯৪, বিএসইসি এর বিধি বিধান ও নীতিমালা এবং অন্যান্য প্রযোজ্য প্রাসঙ্গিক আইন দ্বারা পরিচালিত হচ্ছে। কোম্পানিসমূহ তাদের স্বতন্ত্র পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। আইসিবি অধ্যাদেশ (সংশোধিত) এর বিধান অনুযায়ী সাবসিডিয়ারি কোম্পানিসমূহের ব্যবসায়িক কার্যক্রম শুরুর সাথে সাথে আইসিবি সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন ব্যবসা পরিচালনা বন্ধ রেখেছে।

**আর্থিক ফলাফল**

*মোট আয়*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবির মোট আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৯৪৫.৫৭ কোটি টাকা যা ২০১২-১৩ অর্থবছরের ৭৮৮.৯১ কোটি টাকার তুলনায় ১৯.৮৫ শতাংশ বেশি। আইসিবির আয়ের প্রধান খাতগুলো হল সুদ আয়, লভ্যাংশ আয়, মূলধনী মুনাফা এবং ফি ও কমিশন। আলোচ্য অর্থবছরের আইসিবির প্রধান প্রধান খাতসমূহের মধ্যে কেবলমাত্র সুদ আয় ব্যতীত অপরাপর সকল খাতেই বিগত অর্থবছরের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে। মোট আয় ৯৪৫.৫৭ কোটি টাকার মধ্যে মূলধনী মুনাফা বাবদ ৪৪১.৭৩ কোটি টাকা (৪৬.৭২ শতাংশ), সুদ আয় ২৫০.৭৩ কোটি টাকা (২৬.৫২ শতাংশ), সিকিউরিটিজের উপর লভ্যাংশ ও সুদ আয় বাবদ ২০৯.৬২ কোটি টাকা (২২.১৬ শতাংশ), ফিস ও কমিশন আয় ৩৮.১৭ কোটি টাকা (৪.০৩ শতাংশ) এবং অন্যান্য উৎস হতে ৫.৩২ কোটি টাকা (০.৫৭ শতাংশ) আয় হয়েছে।

*মোট ব্যয়*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবির মোট ব্যয় পূর্ববর্তী ২০১২-১৩ অর্থবছরের ৫৪১.০০ কোটি টাকার তুলনায় ১৭.৩৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬৩৫.০৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। ব্যয়ের অন্যতম খাত ছিল সুদ খাতে ৪৭২.২৭ কোটি টাকা যা বিগত অর্থবছরের ৪৪১.৩৬ কোটি টাকার তুলনায় ৩০.৯১ কোটি টাকা বেশি (৭.০০ শতাংশ)। অন্যান্য পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৭.৬৭ কোটি টাকা যা পূর্ববর্তী বছরে একই সময়ের ৭.৪৭ কোটি টাকার তুলনায় ০.২০ কোটি টাকা (২.৬৮%) বেশি।

*মোট মুনাফা*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবির প্রভিশন এবং কর পূর্ববর্তী মোট মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৪২৬.০৯ কোটি টাকা যা ২০১২-১৩ অর্থবছরের মোট মুনাফা ৩০৪.৬৪ কোটি টাকার তুলনায় ৩৯.৮৬ শতাংশ বেশি।

*নীট মুনাফা*

২০১৩-১৪ অর্থবছরে আইসিবির কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ দাঁড়িয়েছে ৩১০.৫১ কোটি টাকা যা ২০১২-১৩ অর্থবছরের নীট মুনাফা ২৪৭.৯০ কোটি টাকার তুলনায় ২৫.২৫ শতাংশ বেশি।

*লভ্যাংশ*

২০১৩-১৪ অর্থবছরে পরিচালক পর্ষদ শেয়ার প্রতি ৪৫.০০ টাকা হারে মোট ১৮৯.৯৪ কোটি টাকা নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। বিগত অর্থবছরে শেয়ার প্রতি ৪০.০০ টাকা হারে মোট ১৬৮.৭৫৬ কোটি টাকা নগদ লভ্যাংশ, প্রদান করা হয়েছিল।

**মানবসম্পদ ব্যবস্থাপনা**

*মানবসম্পদ পরিকল্পনা*

আইসিবি নিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে নারী-পুরুষ নির্বিশেষে সমান সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। আমরা লিঙ্গভিত্তিক বৈষম্যে বিশ্বাস করি না। পদোন্নতি, পদায়ন এবং ক্ষমতা অর্পণের ক্ষেত্রে আমরা সমঅধিকার নিশ্চিত করে থাকি। আমাদের লক্ষ্য হল সঠিক ব্যক্তিকে সঠিক স্থানে পদস্থাপন করা যাতে করে কর্পোরেশনের ব্যবসায়িক এবং পরিচালনামূলক কর্মকাণ্ড সঠিকভাবে পরিচালিত হয়। এছাড়া, লাভজনকতা ও দক্ষতা বৃদ্ধিকল্পে মানব সম্পদ পরিকল্পনাকে একটি হাতিয়ার হিসেবে বিবেচনা করে থাকি। মানব সম্পদ মূল্য, বাজেট নিয়ন্ত্রণ, দ্বন্দ্ব নিরসন, কর্মী সন্তুষ্টি, ব্যয় নিয়ন্ত্রণ, কর্মদক্ষতা উন্নয়ন, টেকসই ব্যবসা, কর্পোরেট ভাবমূর্তি এবং নিয়ম ও বিধিমালা ইত্যাদি বিষয়সমূহ বিবেচনাপূর্বক আমরা মানবসম্পদ পরিকল্পনা প্রণয়ন করে থাকি যার মধ্যে নিম্নোক্ত উপাদান অন্তর্ভুক্ত থাকে;

- কার্যাবলী বিশ্লেষণ
- কার্যাবলী রূপরেখা
- উত্তরাধিকার পরিকল্পনা
- নিয়োগ
- নির্বাচন
- প্রশিক্ষণ এবং উন্নয়ন
- প্রেরণা
- কর্মদক্ষতা মূল্যায়ন
- কর্মী অধিকার স্থাপন এবং বজায় রাখা।

**জনবল**

২০১৩-১৪ অর্থবছরের ৩০ জুন, ২০১৪ তারিখে কর্পোরেশনের মোট কর্মীর সংখ্যা ৫৭৪ জন যা পূর্ববর্তী অর্থবছরের একই তারিখে ছিল ৫৩২ জন। ৫৭৪ জনের মধ্যে কর্মকর্তা ৩৫৫ জন এবং কর্মচারি ২১৯ জন। মোট জনবলের মধ্যে ৮৬ জন মহিলা যা মোট জনবলের ১৪.৯৮% তন্মধ্যে ৫৬ জন কর্মকর্তা পর্যায়ে কর্মরত।

**নিয়োগ**

আইসিবির রয়েছে সম্পূর্ণ স্বচ্ছ ও আধুনিক নিয়োগ পদ্ধতি যা সুষ্ঠু প্রক্রিয়ায় বাস্তবায়িত হয়। সরাসরি নিয়োগের ক্ষেত্রে মেধাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। আলোচ্য বছরে পর্যবেক্ষণের ভিত্তিতে শূন্যপদ পূরণের লক্ষ্যে ৫০ জন জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। কর্পোরেশনের কর্মকাণ্ডের পরিধি বৃদ্ধির সাথে সঙ্গতি রক্ষার্থে জনবল বৃদ্ধির নিমিত্ত বিভিন্ন ক্যাটাগরিতে ৯২ জন লোকবল নিয়োগের বিষয় প্রক্রিয়াধীন রয়েছে।

*অবসর/ইস্তফা প্রদান*

২০১৩-১৪ অর্থবছরে কর্পোরেশনের ০২ জন উপ-মহাব্যবস্থাপক ও ০১ জন সিনিয়র প্রিন্সিপাল অফিসার অবসর গ্রহণ করেছেন।

*পদোন্নতি*

কর্পোরেশনের কর্মচারিদের কাজের আগ্রহ বৃদ্ধি, কর্ম পরিবেশ উন্নয়ন ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পদোন্নতি একটি প্রধান প্রণোদনা হিসেবে কাজ করে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত একটি ন্যায়ভিত্তিক পদোন্নতি নীতিমালার আলোকে কর্পোরেশনের কর্মচারিদের পদোন্নতি প্রদান করা হয়ে থাকে। পদোন্নতির ক্ষেত্রে মেধা, জ্যেষ্ঠতা, ব্যবস্থাপনা দক্ষতা, কর্মনিষ্ঠ, নিয়মানুবর্তিতা এবং দায়িত্বজ্ঞানকে অগ্রাধিকার দেয়া হয়। ২০১৩-১৪ অর্থবছরে কর্পোরেশনের ০৪ জন কর্মকর্তা এবং ০৫ জন কর্মচারি বিভিন্ন পর্যায়ে পদোন্নতিপ্রাপ্ত হয়েছেন।

**উন্নয়ন ও প্রশিক্ষণ**

প্রশিক্ষণ হচ্ছে মানব সম্পদ উন্নয়নের পরীক্ষিত হাতিয়ার। নিত্যনতুন ধারণা ও প্রযুক্তির ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বিশ্বায়নের এ যুগে টিকে থাকতে হলে প্রশিক্ষিত মানব সম্পদের গুরুত্ব অপরিসীম। সারা বছর ধরে ধারাবাহিকভাবে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারিদের জ্ঞান, কর্মদক্ষতা ও পেশাগত দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নই কর্পোরেশনের মূল উদ্দেশ্য।

**স্থানীয় প্রশিক্ষণ**

মানব সম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় আইসিবি স্থানীয়ভাবে প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের কর্মদক্ষতা এবং পেশাগত যোগ্যতা বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখে। ২০১৩-১৪ অর্থবছরে কর্পোরেশন তাঁর কর্মকর্তা/কর্মচারিগণের প্রশিক্ষণ কর্মসূচি ব্যাপক পরিসরে পরিচালনের নিমিত্ত বাজেট বরাদ্দ (৩০ লক্ষ টাকা) বৃদ্ধি করেছে। কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কার্যত সে ধরনের প্রশিক্ষণ কর্মসূচির উপর গুরুত্বারোপ করে যা বস্তুত পুঁজিবাজার এবং আইসিটি সম্পর্কিত। এছাড়া ব্যাপকভাবে কম্পিউটার নেটওয়ার্ক উন্নয়নের উপর জোর দিচ্ছেন। চলতি বছরে কর্পোরেশন কম্পিউটারের ওপর বেশ কিছু সংখ্যক ওয়ার্কশপ পরিচালনা করেছে। সর্বমোট ৩৯০ জন কর্মকর্তা ও কর্মচারি তাঁদের কাজের সাথে সঙ্গতিপূর্ণ বিভিন্ন স্থানীয় প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেছে। কর্মকর্তা ও কর্মচারিগণ কর্পোরেশনের প্রশিক্ষণ কর্মশালা ছাড়াও BIBM, BIM, NAPD, ICSB, IDCOL, INTIMATE, DSE, PIFM, IPM ইত্যাদি প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণের জন্য মনোনীত হয়ে থাকেন। কর্পোরেশনের ১০৮ জন কর্মচারিকে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর ব্যবস্থাপনায় ও ০৪ জন কর্মচারিকে বিআরটিসি হতে প্রশিক্ষণ প্রদান করা হয়। আলোচ্য সময়ে ২৭৩ জন কর্মককর্তা কর্পোরেশন কর্তৃক আয়োজিত বিভিন্ন বিষয়ের উপর ইন-সার্ভিস ট্রেনিং গ্রহণ করেছেন। আইসিবির ব্যবসা ও প্রয়োজনীয়তা নিরূপণ করে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করা হয়ে থাকে।

*প্রেষণা/কল্যাণ*

আইসিবি তাঁর কর্মীবাহিনীর উন্নতি ও কল্যাণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। উন্নয়নের জন্য আইসিবি মানব সম্পদকে হাতিয়ার হিসেবে গণ্য করে থাকে। আমাদের ধারাবাহিক সফলতার চাবিকাঠি দক্ষ মানব সম্পদ। কর্মকর্তা ও কর্মচারিদের অবদানের জন্য কর্পোরেশন সব সময় স্বীকৃতি প্রদান করে থাকে।

বার্ষিক নীট মুনাফার ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারিদের উৎসাহ বোনাস প্রদান করা হয়। বরাবরের মতই কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারিদের চাঁদায় পরিচালিত কর্মচারি কল্যাণ তহবিল কর্মকর্তা ও কর্মচারিদের কল্যাণ সাধনের দায়িত্ব পালন অব্যাহত রেখেছে। এছাড়া অবসর গ্রহণের সময় কিংবা কোন কর্মকর্তা/কর্মচারির মৃত্যুর পর আইসিবি এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড এবং আইসিবি এমপ্লয়ীজ সুপারঅ্যানুয়েশন ফান্ড হতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারি অথবা তাঁর মনোনীত ব্যক্তি অথবা আইনসম্মত প্রতিনিধি বিধি অনুযায়ী সাহায্য পেয়ে থাকে। কর্মকর্তা ও কর্মচারিদের একঘেঁয়েমি কাটানো এবং তাঁদেরকে নতুনভাবে কাজে উজ্জীবিত করার লক্ষ্যে কর্পোরেশন প্রতি বছর বিনোদনমূলক কাজ এবং ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে থাকে।

আইসিবির কর্মকর্তা/কর্মচারিগণের মেধাবী সন্তানদেরকে আইসিবি কর্মচারি কল্যাণ তহবিল হতে নির্দিষ্ট মানদণ্ড অনুসারে অর্থাৎ জিপিএ, সিজিপিএ'র ভিত্তিতে পঞ্চম শ্রেণী থেকে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত সকল বিভাগে বাৎসরিক এককালীন বৃত্তি প্রদান করা হয়। ২০১৩-১৪ অর্থবছরে ১৩,৪৯,৫০০/- (তের লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা ছাত্র-ছাত্রীদের বৃত্তি বাবদ প্রদান করা হয়েছে। গুরুত্বপূর্ণ অপারেশন বা জটিল রোগে আক্রান্ত কোন কর্মকর্তা/কর্মচারি বা তাঁর পরিবারবর্গকে কর্পোরেশনের চিকিৎসকের প্রত্যয়নের ভিত্তিতে আইসিবি কর্মচারি কল্যাণ তহবিল থেকে চিকিৎসা সহায়তা বাবদ প্রকৃত খরচের ৬০% বা সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা চিকিৎসা ব্যয় পুনর্ভরণ করা হয়। ২০১৩-১৪ অর্থবছরে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা চিকিৎসা অনুদান বাবদ প্রদান করা হয়েছে। কোন মৃত/আর্থিকভাবে অক্ষম কর্মচারির কন্যার (সর্বোচ্চ দুইজন) বিবাহের জন্য আইসিবি কর্মচারি কল্যাণ তহবিল প্রবিধানমালা অনুসারে সর্বোচ্চ ৩০,০০০,০০ (ত্রিশ হাজার) টাকা করে প্রদান করা হয়। ২০১৩-১৪ অর্থবছরে বিবাহ অনুদান বাবদ ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা প্রদান করা হয়েছে।

***আবাসন***

এ পর্যন্ত ৪৮৩ জন কর্মকর্তা/কর্মচারি তাদের আশ্রয় ও বাসস্থানের নিমিত্ত সহজ শর্তে (৫% সুদ হারে) মোট ১৫৬.৩৫ কোটি টাকার গৃহ নির্মাণ ঋণ গ্রহণ করেছে। ২০১৩-১৪ অর্থবছরে ৯৭ জন কর্মকর্তা/কর্মচারিকে মোট ১৩.৯০ কোটি টাকার গৃহ নির্মাণ ঋণ বিতরণ করা হয়েছে।

**স্বাস্থ্য সেবা**

কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারিদের স্বাস্থ্য সেবা প্রদানের জন্য ০২ জন মেডিকেল রিটেইনার নিয়োজিত রয়েছেন। এছাড়া কর্পোরেশনে গোষ্ঠী বীমা প্রচলিত রয়েছে।

***কর্মী তথ্য ব্যবস্থাপনা সিস্টেম***

আইসিবি নিজস্ব পার্সোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পিএসআইএস) সফট্‌ওয়্যার এর মাধ্যমে কর্পোরেশনের মানব সম্পদের যাবতীয় ব্যক্তিগত ও আর্থিক তথ্যাদি সংরক্ষণ করে থাকে।

**তথ্য প্রযুক্তি ও ব্যবস্থাপনা**

বর্তমান যুগে তথ্য প্রযুক্তির গুরুত্ব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। কর্পোরেশনের দৈনন্দিন কাজে তথ্য প্রযুক্তি ব্যবহারের প্রয়োজনীয়তা অনেক আগে থেকেই আইসিবি অনুধাবন করেছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। কর্পোরেশনের ব্যবসায়িক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন সময়ে কম্পিউটার সিস্টেমের পরিবর্তন ও পরিবর্ধন আনয়ন করা হয়েছে।

***<u>সফট্ওয়্যার উন্নয়ন</u>***

আইসিবির সফট্ওয়্যার তৈরী ও উন্নয়নে প্রাথমিক পর্যায়ে দেশের কয়েকটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করা হয়েছে। কর্পোরেশনের নিজস্ব জনবল বেশ কিছু সফট্ওয়্যার উন্নয়ন করেছে। এছাড়াও, সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী প্রচলিত সফট্ওয়্যারসমূহের অভ্যন্তরীণভাবে উন্নয়ন করা হয়েছে।

আইসিবিতে ব্যবহৃত উল্লেখযোগ্য সফট্ওয়্যারের মধ্যে রয়েছে মার্চেন্ডাইজিং অপারেশন ম্যানেজমেন্ট সিস্টেম, মিউচ্যুয়াল ফান্ডস স্কীপ অ্যান্ড ওনারশীপ ম্যানেজমেন্ট সিস্টেম, আইপিও ম্যানেজমেন্ট সিস্টেম, পার্সোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম, মিটিং মিনিটস, স্টোরেজ অ্যান্ড রিট্রিভাল, ল' স্যুট ট্রাকিং, ইউনিট সেল অ্যান্ড রিপার্চেজ ম্যানেজমেন্ট সিস্টেম, ফিন্যান্সিয়াল ফিজিবিলিটি অ্যানালাইসিস ফর প্রজেক্টস, জেনারেল লেজার, স্টাফ লোন, পে-রোল, ইউনিট লিয়েন অ্যাডভান্স সিস্টেম, ফিক্সড্ ডিপোজিট রেজিস্টার, টার্ম ডিপোজিট রেজিস্টার, লীজ ফিন্যান্সিং, প্রজেক্ট লোন অ্যাকাউন্টস, ফিক্সড অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম, ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম, কোম্পানি অ্যাকাউন্টস্ অ্যানালাইসিস সিস্টেম, পোর্টফোলিও ম্যানেজমেন্ট সিস্টেম, সিকিউরিটি অ্যান্ড মার্কেট অ্যানালাইসিস সিস্টেম, কনজ্যুমার ক্রেডিট স্কীম, প্রভিডেন্ট ফান্ড ম্যানেজমেন্ট সিস্টেম, সিআইবি, এমআইএস, জিএল ইন্টিগ্রেশন, মিউচ্যুয়াল ফাণ্ড (সিডিবিএল), আইসিবি শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম, শেয়ার রিকনসিলিয়েশন, প্রজেক্ট ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম, রিটায়ার্ড এমপ্লয়ীজ হাউজ বিল্ডিং লোন ম্যানেজমেন্ট সিস্টেম, ইইএফ প্রজেক্ট এডমিনিস্ট্রেশন এবং বাজেট ম্যানেজমেন্ট সিস্টেম।

স্টক এক্সচেঞ্জসমূহের তালিকাভুক্ত অনেক কোম্পানির শেয়ার সার্টিফিকেট অজড়করণের ফলে স্ক্রীপবিহীন শেয়ার লেনদেন ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। ফলে এ সংক্রান্ত সফটওয়্যারসমূহের যথাযথ পরিবর্তনর ও পরিবর্ধনের কাজ সম্পন্ন করা হয়েছে। প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট ও সকল শাখাসমূহকে ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ফলে কর্পোরেশনের যে কেউ বিভিন্ন তথ্যাদি ইন্টারনেটে অনুসন্ধান ও তা থেকে ডাউনলোড করতে পারছেন। এছাড়া কাগজবিহীন দাপ্তরিক কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে বর্তমানে অফিসের সকল অভ্যন্তরীণ চিঠিপত্র সবার ই-মেইল এ পাঠানো হচ্ছে। কর্পোরেশনের ওয়েব সাইট <u>www.icb.gov.bd</u> টি সবসময়ই হালনাগাদ তথ্য সমৃদ্ধ। এর মাধ্যমে দেশে এবং বিদেশে অবস্থানরত আগ্রহী ব্যক্তিগণ আইসিবি সকল তথ্য সংগ্রহ করতে পারেন।

তথ্য প্রযুক্তি একটি দ্রুত পরিবর্তনশীল বিষয় বিধায় স্বল্প সময়ের ব্যবধানে প্রযুক্তির পরিবর্তন হচ্ছে। এমতাবস্থায় সুষ্ঠু পরিকল্পনা অনুসারে প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফট্ওয়্যার সংগ্রহের পাশাপাশি সেকেলে যন্ত্রপাতি দ্রুত প্রতিস্থাপন করে প্রয়োজন মাফিক সিস্টেমসমূহ উন্নততর করা হচ্ছে। এতদ্ব্যতীত কর্পোরেশনের কর্মপরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় চাহিদা অনুসারে প্রতি বছর প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য সামগ্রী ক্রয় করা হচ্ছে। আইসিবি বর্তমানে তার সম্মানিত বিনিয়োগ হিসাবধারীগণকে হিসাব সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/ রিপোর্ট সরবরাহের মাধ্যমে সেবা প্রদান করে আসছে। প্রদত্ত সেবাসমূহ আরও দ্রুততার সাথে গ্রাহকদের নিকট সহজলভ্য করার প্রয়াসে আইসিবি ইন্টারনেট ও মোবাইল ফোন এর মাধ্যমে তথ্য পৌছানোর উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে স্বয়ংক্রিয় এসএমএস/পুশ-পুল সার্ভিস চালু করা হয়েছে। এছাড়াও কর্পোরেশনের জনবল নিয়োগ প্রক্রিয়া দ্রুততর ও সহজ করার লক্ষ্যে সম্প্রতি অনলাইনের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। আইসিবির নিজস্ব আইটি জনবল কর্তৃক সংশ্লিষ্ট সুবিধা সম্বলিত একটি পূর্ণাঙ্গ সফট্ওয়্যার "অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম" তৈরী করা হয়েছে।

**পঞ্চবার্ষিক আইসিটি পরিকল্পনা**

আইসিটি পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন পর্যালোচনার জন্য কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে কর্পোরেশনের আইসিটি বিশেষজ্ঞ এবং বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয় (ব্যুয়েট) এর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের অধ্যাপক ড. এম কায়কোবাদসহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সি ও অগ্রণী ব্যাংক লিঃ এর আইসিটি বিশেষজ্ঞ সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির নিয়মিত সভায় পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও অন্যান্য সিদ্ধান্ত গৃহীত হচ্ছে। এছাড়া, কর্পোরেশনের ভবিষ্যৎ লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে কর্পোরেশনের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত একটি পাঁচ বছর মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা বাস্তবায়িত হলে নিম্নলিখিত লক্ষ্যসমূহ অর্জিত হবে ঃ

- কর্পোরেশনের জন্য একটি দক্ষ ও কার্যকর আইসিটি ব্যবস্থা গড়ে তোলা;
- বিভিন্ন টুলস ও প্লাটফর্মে এ যাবৎ তৈরী করা সমস্ত মডিউলগুলোকে একটি একক প্লাটফর্মে নিয়ে আসা;
- আইসিবির প্রধান কার্যালয় ও শাখাসমূহকে অনলাইনে কানেক্টিভিটি স্থাপনের মাধ্যমে একটি সেন্ট্রাল ডাটাবেজ সিস্টেমের উপর ভিত্তি করে সকল কর্মকাণ্ড পরিচালনা করা;
- কর্পোরেশনের একটি আধুনিক ও সুসজ্জিত ডাটাসেন্টার স্থাপন করা এবং সার্ভার ও আনুষঙ্গিক সিস্টেমসমূহের নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা;
- ডিজাসটার রিকভারি সাইট থাকার ফলে যে কোন প্রকার দুর্যোগ অথবা দুর্ঘটনাজনিত কারণে কর্পোরেশনের গ্রাহক সেবার স্বাভাবিক কর্মকাণ্ডে কোনরূপ ব্যাঘাত না ঘটা।

আইসিটি পরিকল্পনায় যে মৌলিক বিষয়গুলিতে গুরুত্ব প্রদান করা হয়েছে তার সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে প্রদান করা হলো।

***বিদ্যমান সফট্ওয়্যারসমূহের উন্নয়ন এবং নতুন সফট্ওয়্যার তৈরী***

আইসিবির বিদ্যমান সফটওয়্যারসমূহের আপগ্রেডেশন এবং সফট্ওয়্যারগুলোকে একটি একক প্লাটফর্মে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। এক্ষেত্রে প্রযুক্তিগত উন্নয়ন ও সেবার পরিধি বিস্তৃত করে গ্রাহকদের সন্তুষ্টি অর্জন করার লক্ষ্যে বিদ্যমান ডেস্কটপ ভিত্তিক সফটওয়্যারসমূহকে ওয়েবসাইট ভিত্তিক করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া, নতুন সফটওয়্যারসমূহ ওয়েবসাইট ভিত্তিক হবে। এ সংক্রান্ত কাজ পরিকল্পনা মাফিক যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে দুটো কোর টিম গঠন করা হয়েছে।

***ডাটা সেন্টার স্থাপন***

নিরবচ্ছিন্ন ও নিরাপদ গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ের ৪২০ বর্গফুট জায়গায় একটি ডাটা সেন্টার স্থাপন করা হচ্ছে। অধিকাংশ কাজসমূহ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

***প্রধান কার্যালয় ও শাখাসমূহের মধ্যে যোগাযোগ স্থাপন***

আইসিবির সকল শাখাসমূহকে প্রধান কার্যালয়ের সাথে সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে শাখাসমূহে অবস্থিত ভিন্ন ভিন্ন সার্ভার ও পৃথক পৃথক ডাটাবেইজের স্থলে প্রধান কার্যালয়ে কেন্দ্রীয় সার্ভারে একক ডাটাবেইজ ব্যবস্থার আওতায় কার্যক্রম পরিচালিত হবে। এতে সফট্ওয়্যার ও ডাটাসমূহের রক্ষণাবেক্ষণ সহজতর হবে এবং প্রয়োজনীয় রিপোর্টসমূহ তাৎক্ষণিকভাবে পাওয়া যাবে। সিডিবিএল এর সাথে প্রধান কার্যালয় ও শাখাসমূহের যোগাযোগ স্থাপন করার কাজ সম্পন্ন করা হয়েছে। পরবর্তী পর্যায়ে প্রধান কার্যালয়ের সাথে শাখাসমূহের সংযোগ স্থাপিত হবে। এছাড়া, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের BANGLAGOVNET প্রকল্পের আওতায় দেশের সব সরকারি প্রতিষ্ঠানকে একই নেটওর্য়াকে নিয়ে আসার কাজ চলছে যেখানে আইসিবিকেও অন্তর্ভুক্ত করা হবে।

*ডিজাস্টার রিকভারী সাইট (ডিআরএস)*

